NYC আবাসিক সম্পত্তির করসমূহ

2

কো-অপস
কন্ডোস
রেন্টাল
4+ ইউনিট

ক্লাস টু



NYC
Department of Finance

কোথায় আপনার ট্যাক্স ডলারগুলি যায়?



ইউনিফর্ম এজেন্সিগুলি (পুলিশ, ফায়ার, স্যানিটেশন, সংশোধনগুলি)



শিক্ষা



স্বাস্থ্য ও কল্যাণ



অন্যান্য এজেন্সিসমূহ (পরিবহণ, আবাসন, পার্ক, ইত্যাদি)

নিউ ইয়র্ক সিটিতে জুন 30, 2020 তারিখে শেষ হওয়া 2020 আর্থিক বছরে সিটির সংগৃহীত মোট ট্যাক্স ডলারের 47% ছিল সম্পত্তির কর। এই চার্টটিতে দেখা যায় কিভাবে শহরের মোট ট্যাক্স ডলার ব্যয় করা হয়েছিল।

কিভাবে আমরা আপনার সম্পত্তির কর বিল গণনা করি

ধাপ 1

বাজার মূল্য নির্ণয়

আমরা আপনার ক্লাস 2 সম্পত্তিকে সাধারণত এর আয় সৃষ্টির সম্ভাবনার উপর ভিত্তি করে মূল্যায়ন করি।

ধাপ 2

নিরূপিত মূল্য নির্ধারণ

আমরা আপনার সম্পত্তির বাজার মূল্যকে 45% দিয়ে (এর "মূল্যায়নের মাত্রা") গুণ করে এর "প্রকৃত নিরূপিত মূল্য" নির্ধারণ করি। 10 বা তার কম সংখ্যক ইউনিট যুক্ত ভবনসমূহের নিরূপিত মূল্যের বৃদ্ধিকে স্টেট আইন নির্ধারিত একটি হারের দ্বারা নিয়ন্ত্রণ করা হয়।

ধাপ 3

ট্রানজিশনাল নিরূপিত মূল্য নির্ধারণ

আমরা 10টির বেশি ইউনিট যুক্ত ক্লাস 2 সম্পত্তির নিরূপিত মূল্যে পাঁচ বছর সময়কাল পরে পরিবর্তন আনি। এর ফলে আপনার সম্পত্তিতে একটি "ট্রানজিশনাল নিরূপিত মূল্য" আসবে। এই ট্রানজিশনাল নিরূপিত মূল্যটি যদি আপনার সম্পত্তির প্রকৃত নিরূপিত মূল্যের চেয়ে কম হয়, তাহলে আপনার সম্পত্তির কর বিল হিসেব করার জন্য আমরা এই ট্রানজিশনাল নিরূপিত মূল্যটিকে ব্যবহার করব।

ধাপ 4

ফাইলে অব্যাহতির প্রয়োগ

নিউ ইয়র্ক সিটি প্রবীণ, ভেটেরান, পাদ্রী সদস্য, প্রতিবন্ধী এবং অন্যান্য গৃহ মালিকদেরকে এক্সেম্পশন (অব্যাহতি) নামক কর ছাড় প্রদান করে। আমরা সেই অর্থের পরিমাণ আপনার সম্পত্তির নিরূপিত মূল্য থেকে বাদ দিয়ে তার করযোগ্য মূল্য নির্ণয় করি। (আরো জানতে দেখুন www.nyc.gov/ownerexemption।)

ধাপ 5

সম্পত্তির কর বিল

আমরা সিটি কাউন্সিল নির্ধারিত সিটি করের হার আপনার করযোগ্য মূল্যে প্রয়োগ করে, আপনার প্রদেয় সম্পত্তির কর হিসেব করি। যদি আপনি আপনার সম্পত্তিতে অ্যাবেটমেন্ট নামে পরিচিত এক প্রকারের কর ছাড় পান, তাহলে আপনার প্রদেয় মোট কর কমাতে আমরা সেটিকে আপনার বিল থেকে বাদ দেবো।

1 বাজার মূল্য – আপনার সম্পত্তির মূল্যায়ন

ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স আপনার সম্পত্তির আয় সৃষ্টিকারী সম্ভাবনার উপর ভিত্তি করে এর বাজার মূল্য হিসেব করে। আকার, অবস্থান, ইউনিট সংখ্যা ও বয়সে আপনার সম্পত্তির সমতুল্য রেন্টাল সম্পত্তির উপর ভিত্তিত করে আপনার সম্পত্তির আয় ও ব্যয় হিসেব করার জন্য আমরা পরিসংখ্যান মডেলিং ও মূল্যায়নকারী পর্যালোচনা ব্যবহার করি।

সম্পত্তি করের ক্লাসসমূহ

নিউ ইয়র্ক সিটি সম্পত্তিগুলি চারটি ক্লাসে বিভক্ত, আইন অনুযায়ী প্রতিটি আলাদাভাবে মূল্যায়িত এবং নিরূপিত। কো-অপারেটিভ ও কন্ডোমিনিয়াম সহ তিনটির বেশি ইউনিট যুক্ত আবাসিক সম্পত্তি ক্লাস 2 এর অন্তর্ভুক্ত।

এক- থেকে তিন-ইউনিট, প্রধানত আবাসিক সম্পত্তিগুলি

ইউটিলিটি কোম্পানি সরঞ্জাম এবং বিশেষ ফ্র্যাঞ্চাইজি সম্পত্তি

কন্ডোমিনিয়াম ও কো-অপারেটিভ সহ 4 ইউনিটের বেশি আবাসিক সম্পত্তি

অফিস ভবন, কারখানা, স্টোর ও হোটেলসহ অন্যান্য সকল রিয়েল প্রোপার্টি

প্রতিটি কর ক্লাসের জন্য বাজার মূল্য ভিন্নভাবে হিসেব করা হয়। ক্লাস 1, 3 এবং 4 সম্পত্তিগুলোর বাজার মূল্য কিভাবে নির্ধারিত হয় সে সম্পর্কিত তথ্যের জন্য দেখুন www.nyc.gov/finance।

ক্লাস 2 এর বাজার মূল্য

স্টেট আইন চায় ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স যেন সকল ক্লাস 2 সম্পত্তিকে এমনভাবে মূল্যায়ন করে যে সেগুলো আয়ের উৎস। আপনার সম্পত্তির বাজার মূল্য নির্ধারণ করতে, আমরা আকার, অবস্থান, বয়স ও ইউনিট সংখ্যার দিক দিয়ে আপনার সম্পত্তির সমতুল্য সম্পত্তির সাধারণ আয় ও ব্যয় হিসেব করতে পরিসংখ্যান মডেলিং ব্যবহার করি। আপনার সম্পত্তিতে ইউনিট সংখ্যা 10টির কম না বেশি তার উপর ভিত্তি করে প্রক্রিয়াটি ভিন্ন ভিন্ন হয়।

বড় রেন্টাল ভবনসমূহ

বেশিরভাগ রেন্টাল ভবন মালিকদেরকে আইন অনুসারে একটি বার্ষিক রিয়েল প্রপার্টি আয় ও ব্যয় (Real Property Income and Expense – RPIE) বিবৃতি ফাইল করতে হয়। আপনার রেন্টাল সম্পত্তির বাজার মূল্য নির্ধারণ করতে, এর বর্তমান নীট আয় হিসেব করতে আমরা আয় ও ব্যয়ের তথ্য ব্যবহার করি। আমাদের পরিসংখ্যান মডেল ও মূল্যায়ন নির্দেশিকার ভিত্তিতে ফাইল করা তথ্যের সমন্বয় এই হিসেবের অন্তর্ভুক্ত।

এরপরে হিসেবকৃত নীট আয়ে একটি মূলধনের হার প্রয়োগ করে আমরা আপনার সম্পত্তির বাজার মূল্য হিসেব করি। মূলধনের হার হলো আপনার সম্পত্তির সৃষ্ট আয়ের ভিত্তিতে প্রত্যাশিত রিটার্নের হার। আপনি আমাদের ওয়েবসাইট www.nyc.gov/finance থেকে আপনার হিসেবকৃত আয়, ব্যয় ও মূলধনের হার বের করতে পারেন।

বড় কন্ডো ও কো-অপস (11+ ইউনিট)

স্টেট আইন আদেশ করে যে, কন্ডো ও কো-অপসমূহকে যেন রেন্টাল ভবনের মতো মূল্যায়ন করা হয় এবং আমরা যেন আপনার ভবনকে এমনভাবে মূল্যায়ন করি যে এটি আয় সৃষ্টি করে।

এর বাজার মূল্য নির্ধারণ করতে, আমরা আপনার ভবনকে একই রকম অন্যান্য রেন্টাল ভবনের সাথে তুলনা করি। আকার, অবস্থান, ইউনিট সংখ্যা ও বয়সে আপনার সম্পত্তির সমতুল্য রেন্টাল সম্পত্তির উপর ভিত্তি করে আপনার সম্পত্তির আয় ও ব্যয় হিসেব করার জন্য আমরা পরিসংখ্যান মডেলিং ও মূল্যায়নকারী পর্যালোচনা ব্যবহার করি। তারপরে আমরা আপনার ভবনের হিসেবকৃত নীট আয়ে একটি মূলধনের হার প্রয়োগ করি। মূলধনের হার হলো আপনার সম্পত্তির নির্ধারিত আয়ের ভিত্তিতে প্রত্যাশিত রিটার্নের হার।

আপনার সম্পত্তির বাজার মূল্য নির্ধারণে ব্যবহৃত তুলনামূলক সম্পত্তিগুলো আপনি www.nyc.gov/finance এই ওয়েবসাইটে খুঁজে পেতে পারেন। আপনি আপনার সম্পত্তির হিসেবকৃত আয়, ব্যয় ও মূলধনের হারও দেখতে পারেন।

কো-অপস: সম্পূর্ণ ভবনের জন্য একটি বাজার মূল্য নির্ধারণ করা হয়। আপনি আপনার ভবনের বাজার মূল্য www.nyc.gov/finance এই ওয়েবসাইটে দেখতে পারেন।

কন্ডোস: আমরা প্রথমে আপনার সম্পূর্ণ ভবনের জন্য এবং পরে প্রতিটি ইউনিটের জন্য একটি বাজার মূল্য নির্ধারণ করি। যদি আপনার কন্ডোটি 2007 সালের জুলাইয়ের পরে তৈরি হয়ে থাকে, তাহলে আপনার ইউনিটের বাজার মূল্য হবে কন্ডো বোর্ড প্রদত্ত একটি সুদের হারের ভিত্তিতে। এই "ইউনিট বরাদ্দ ফ্যাক্টর" সাধারণত আপনার ইউনিটের বিক্রয় প্রস্তাব পরিকল্পনার অন্তর্ভুক্ত।

ছোট ভবন (10টি বা এর কম সংখ্যক ইউনিট)

ছোট ক্লাস 2 ভবনগুলোকেও আয় সৃষ্টিকারী সম্পত্তি হিসেবে মূল্যায়ন করা হয়। তবে, যেহেতু এই ভবনগুলো আইনত কোনো রিয়েল প্রপার্টি আয় ও ব্যয়ের বিবৃতি দিতে বাধ্য নয়, মূল্যায়ন পদ্ধতিটিকে মোট আয় গুণক পদ্ধতির মাধ্যমে সরল করে নেওয়া হয়। ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স:

- প্রতি বর্গ ফুটে তুলনামূলক রেন্টাল সম্পত্তিগুলোর সৃষ্ট সাধারণ আয় হিসেব করে;
- প্রতি বর্গ ফুটের আয়কে ভবনের মোট বর্গ ফুট দিয়ে গুণ করে ভবনের মোট আয় সৃষ্টি করে এবং
- সম্পত্তির বাজার মূল্য সৃষ্টি করার জন্য ভবনের হিসেবকৃত আয়কে একটি ফ্যাক্টর দিয়ে গুণ করে। যেমন- $100,000 আয়ের ও 10 এর গুণকের অধীন একটি ভবনের মূল্য হবে $1 মিলিয়ন।

2 ধাপ প্রকৃত নিরূপিত মূল্য—আপনার সম্পত্তির মূল্যায়ন

আপনার সম্পত্তির বাজার মূল্য নির্ধারণ করার পর, আমরা এর নিরূপিত মূল্য হিসেব করি। নিরূপিত মূল্য বাজার মূল্যের একটি নির্ধারিত হারের ভিত্তিতে হয়। ক্লাস 2 এর জন্য মূল্যায়নের হার 45%; আপনার সম্পত্তির বাজার মূল্যকে 45% দিয়ে গুণ করে নিরূপিত মূল্য বের করা হয়।

10টি বা এর কম সংখ্যক ইউনিট যুক্ত ক্লাস 2 সম্পত্তি:

আরেকটি ফ্যাক্টর 10টি বা এর কম সংখ্যক ইউনিট যুক্ত ক্লাস 2 ভবনসমূহের নিরূপিত মূল্যের হিসেবকে প্রভাবিত করে। নিউ ইয়র্ক সিটিতে এ ধরনের ভবনের নিরূপিত মূল্য প্রতি বছর কতটুকু বাড়বে তা স্টেট আইন নির্ধারণ করে দেয়। নিরূপিত মূল্য আগের বছরের তুলনায় 8% ও পাঁচ বছরে 30% এর বেশি বৃদ্ধি করা যাবে না। সুতরাং, আপনার সম্পত্তির নিরূপিত মূল্য হবে যেটি তুলনামূলক কম সেটি: আপনার সম্পত্তির বাজার মূল্যের 45% অথবা সীমিত পরিমাণ।

নির্ধারিত সীমার কারণে, ক্লাস 2 সম্পত্তির বেশিরভাগ নিরূপিত মূল্য 45% মূল্যায়ন হারের চেয়ে কম হয়। এর অর্থ হলো যে, বাজার মূল্যের পরিবর্তনগুলোতে পৌঁছাতে আপনার সম্পত্তির নিরূপিত মূল্যের অনেক বছর সময় লেগে যেতে পারে। এমনও হতে পারে যে, আপনার সম্পত্তির বাজার মূল্য হ্রাস পেলেও এর নিরূপিত মূল্য বৃদ্ধি পেতে থাকবে কারণ সেটি তখনো বর্তমান বাজার মূল্যের 45% এর কম। (অনুগ্রহ করে মনে রাখবেন যে, আপনার সম্পত্তির ভৌত পরিবর্তন এইভাবে সীমিত করা হয় না। সেগুলো সম্পূর্ণরূপে আপনার সম্পত্তির বাজার মূল্যে প্রয়োগ করা হয় এবং তারপরে পরিবর্তন ও সংস্কারের জন্য 15% বৃদ্ধিতে এবং নতুন নির্মাণের জন্য 45% হারে মূল্যায়ন করা হয়।

3 ধাপ ট্রানজিশনাল নিরূপিত মূল্য—11+ ইউনিট যুক্ত ক্লাস 2 সম্পত্তির জন্য

আরেকটি ফ্যাক্টর যা আপনার সম্পত্তির নিরূপিত মূল্যের হিসেবকে প্রভাবিত করে তা হলো স্টেট আইনের একটি শর্ত যে আমরা যেন পাঁচ বছর সময়কালে আপনার সম্পত্তির নিরূপিত মূল্যে পরিবর্তন আনি। এর অর্থ হলো যে, আমরা পাঁচ বছর ধরে প্রতি বছর 20% করে পরিবর্তন করি। প্রতি বছর নতুন কোনো মূল্যায়ন করার সময়, অতিরিক্ত যেকোনো পরিবর্তন আবার একটি পাঁচ বছর সময়কালের অন্তর্ভুক্ত হয়ে যায়।

যেকোনো গড় বছরে, একাধিক সূচনা প্রয়োগের ফলে আপনার সম্পত্তির ট্রানজিশনাল নিরূপিত মূল্য তৈরি হয়। আইনের শর্ত হলো, এই ট্রানজিশনাল নিরূপিত মূল্যটি যদি আপনার সম্পত্তির প্রকৃত নিরূপিত মূল্যের চেয়ে কম হয়, তাহলে আপনার সম্পত্তির কর বিল হিসেব করার জন্য আমরা এই ট্রানজিশনাল নিরূপিত মূল্যটিকে ব্যবহার করব। (অনুগ্রহ করে মনে রাখবেন যে, আপনার সম্পত্তির ভৌত পরিবর্তন কোনো সূচনা নয়। সেগুলোকে সম্পূর্ণরূপে আপনার সম্পত্তির বাজার মূল্যে প্রয়োগ করা হয় এবং তারপরে 45% মূল্যায়ন অনুপাত দিয়ে গুণ করা হয়।)

কিভাবে আমরা ট্রানজিশনাল নিরূপিত মূল্য নির্ধারণ করি

11টি বা এর বেশি সংখ্যক ইউনিট যুক্ত ক্লাস 2 সম্পত্তি

কিভাবে ট্রানজিশনাল মূল্যায়ন শুরু করা হয় তার বিস্তারিত একটি উদাহরণ এখানে দেওয়া হলো – পাঁচ বছরের সময়কালে প্রতি বছর আপনার সম্পত্তির বার্ষিক নিরূপিত মূল্যে 20% পরিবর্তন প্রয়োগ করা হয়।

	year 1	year 2	year 3
সম্পত্তির বাজার মূল্য ক্লাস 2 মূল্যায়ন %	$100,000 x (0.45) =	$101,000 x (0.45) =	$101,500 x (0.45) =
প্রকৃত নিরূপিত মূল্য	$45,000	$45,450	$45,675
বার্ষিক মূল্যায়নের ব্যবধান		$450	$225
11টি বা তার বেশি ইউনিট যুক্ত সম্পত্তিতে 20% মূল্যায়ন পরিবর্তনের প্রয়োগ		$90	$90 $45
		+	+
আগের বছরের ট্রানজিশনাল নিরূপিত মূল্য		$45,000	$45,090
		=	=
ট্রানজিশনাল নিরূপিত মূল্য	$45,000	$45,090	$45,225

মনে রাখবেন, আপনার সম্পত্তির কর বিল হিসেব করার জন্য আইন অনুযায়ী আমাদেরকে নিরূপিত বা ট্রানজিশনাল মূল্য যেটি তুলনামূলক কম সেটি ব্যবহার করতে হবে।

4 ছাড়সমূহ—আপনার সম্পত্তির কর হ্রাস করা

নিউ ইয়র্ক সিটি ও নিউ ইয়র্ক স্টেট আবাসিক সম্পত্তির মালিকদেরকে একাধিক সম্পত্তির কর ছাড়ের সুযোগ প্রদান করে। কন্ডো ইউনিট মালিকরা তাদের ইউনিটসমূহের জন্য সেই ছাড়গুলো পান। প্রতি বছর, ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স কো-অপ বোর্ডগুলোকে তাদের ভবনের ব্যক্তিগত ছাড় প্রাপ্ত ইউনিটগুলো সম্পর্কে অবহিত করে এবং এরপরে বোর্ডগুলো সেই কো-অপ ইউনিটগুলোকে সাধারণ চার্জের অংশ হিসেবে এই বেনিফিটগুলো বরাদ্দ দেয়। জুনে আপনি যে সম্পত্তির কর বিল পাবেন সেখানে জুলাইয়ের 1 তারিখে শুরু হতে যাওয়া পরবর্তী কর বছরে আপনি যে ছাড় ও অ্যাবেটমেন্টগুলো পাবেন সেগুলো উল্লেখ করা থাকবে।

- কো-অপ/কন্ডো অ্যাবেটমেন্টের জন্য আবেদন করার শেষ তারিখ ফেব্রুয়ারি 15।
- ব্যক্তিগত ছাড়ের জন্য আবেদন করার জন্য শেষ তারিখ মার্চ 15।

ব্যক্তিগত ছাড়

বেসিক STAR (স্কুল কর ছাড়)	এনহ্যান্সড STAR	প্রবীণ নাগরিক বাড়িমালিকদের ছাড় (SCHE)	প্রতিবন্ধী বাড়ির মালিকদের ছাড় (Disabled Homeowners' Exemption – DHE)
$250k এর কম বার্ষিক সমন্বিত মোট আয়ের বাড়ি, কো-অপস এবং কন্ডো মালিকদের জন্য পাওয়া যাবে।*	$90,550 এর কম বার্ষিক আয়ের 65+ মালিকদের জন্য পাওয়া যাবে।	$58,399 বা এর কম বার্ষিক আয়ের 65+ মালিকদের জন্য পাওয়া যাবে।	$58,399 বা এর কম বার্ষিক আয়ের প্রতিবন্ধী মালিকদের জন্য পাওয়া যাবে।

ভেটেরানদের জন্য ছাড়	প্রতিবন্ধী অপরাধ ক্ষতিগ্রস্ত এবং উত্তম সামারিটান ছাড়	পাদ্রিদের জন্য ছাড়
নির্দিষ্ট কিছু ভেটেরান, ভেটেরানদের জীবনসঙ্গী/বিধবা (বিপত্নীক) দের এবং গোল্ড স্টার পিতামাতাদের জন্য পাওয়া যাবে।	অপরাধের শিকার এবং যারা অপরাধ প্রতিরোধের চেষ্টায় বা কোনো ভুক্তভোগীকে সাহায্য করতে গিয়ে আহত হয়েছেন তাদের জন্য পাওয়া যাবে। পুলিশ কর্মকর্তারা এর যোগ্য নন। মালিক অবশ্যই প্রতিবন্ধকতা মানিয়ে নেওয়ার জন্য ঘরের রূপান্তর করেছেন।	নির্দিষ্ট কিছু সক্রিয় ও অবসরপ্রাপ্ত পাদ্রি সদস্য বা তাদের ভুক্তভোগী জীবনসঙ্গী যারা পুনরায় বিয়ে করেননি তাদের জন্য পাওয়া যাবে।

* 2016 সালে, স্টেট আইনের দ্বারা STAR একটি সম্পত্তি কর ছাড় থেকে একটি আয় কর ক্রেডিটে পরিবর্তিত হয়েছিল। STAR সম্পত্তি কর ছাড়ের বর্তমান প্রাপকেরা এটি পেতে থাকতে পারেন। নতুন আবেদনকারীদেরকে ক্রেডিটের জন্য অবশ্যই স্টেটের কাছে আবেদন করতে হবে। ক্রেডিটটি $500,000 বা এর কম বার্ষিক আয়ের বাড়িগুলোর জন্য পাওয়া যাবে। যদি আপনি যোগ্য হন, তাহলে আপনি একটি চেকের মাধ্যমে ক্রেডিট পাবেন। সাধারণত ক্রেডিটের ডলার মূল্য সম্পত্তি কর ছাড়ের সমান হবে।

দুটি হ্রাসের মধ্যে পার্থক্য কী?

ছাড়
একটি ছাড় আপনার সম্পত্তির নিরূপিত মূল্য আপনার কর গণনার আগে কমায়।

অ্যাবেটমেন্টস
একটি অ্যাবেটমেন্ট আপনার ইতোমধ্যে হিসেব করা করসমূহকে হ্রাস করে।

ছাড়গুলো সম্পর্কে আপ-টু-ডেট তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন nyc.gov/finance।

ভবনের জন্য ছাড়

421	J51
আবাসিক অ্যাপার্টমেন্ট ভবনসমূহের নতুন নির্মাণ কাজের জন্য একটি আংশিক সম্পত্তির কর ছাড়। প্রোগ্রামটি পরিচালনা করে NYC ডিপার্টমেন্ট অভ হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট। ছাড়টি কার্যকর করে ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স।	আবাসিক অ্যাপার্টমেন্ট ভবনসমূহের সংস্কার কাজের জন্য একটি আংশিক সম্পত্তির কর ছাড়। প্রোগ্রামটি পরিচালনা করে NYC ডিপার্টমেন্ট অভ হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট। ছাড়টি কার্যকর করে ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স।

অ্যাবেটমেন্টস

কো-অপ/কন্ডো	J51
কন্ডোমিনিয়াম ও কো-অপারেটিভ ইউনিটসমূহের মালিকদের প্রদেয় সম্পত্তির করের পরিমাণ হ্রাস করে। ভবনকে অবশ্যই সম্পূর্ণ উন্নয়নের জন্য আবেদন করতে হবে।	আবাসিক অ্যাপার্টমেন্ট ভবনসমূহের সংস্কার কাজের জন্য একটি আংশিক সম্পত্তির কর অ্যাবেটমেন্ট। প্রোগ্রামটি পরিচালনা করে NYC ডিপার্টমেন্ট অভ হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট। অ্যাবেটমেন্টটি কার্যকর করে ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স।
সৌরশক্তি	**গ্রীন রুফ**
সৌর প্যানেলের মাধ্যমে সৌরশক্তি ব্যবহারকারী সম্পত্তিগুলোকে একটি সম্পত্তির কর অ্যাবেটমেন্ট প্রদান করে। প্রোগ্রামটি পরিচালনা করে NYC ডিপার্টমেন্ট অভ বিল্ডিংস। অ্যাবেটমেন্টটি কার্যকর করে ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স।	গ্রীন রুফ আছে এমন সম্পত্তির জন্য একটি এককালীন সম্পত্তির কর অ্যাবেটমেন্ট। প্রোগ্রামটি পরিচালনা করে NYC ডিপার্টমেন্ট অভ বিল্ডিংস। অ্যাবেটমেন্টটি কার্যকর করে ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স।

5 ধাপ আপনার সম্পত্তির কর বিল

10টির বেশি ইউনিট যুক্ত একটি ক্লাস 2 কো-অপের জন্য সম্পত্তির কর বিলের একটি উদাহরণ এখানে দেওয়া হলো। কো-অপ মালিকরা এই বিলটি পাবেন না; এটি মেইলের মাধ্যমে কো-অপ বোর্ডের কাছে প্রেরণ করা হবে, যারা পরবর্তীতে প্রতিটি ইউনিটকে তাদের সাধারণ চার্জের অংশ হিসেবে সম্পত্তির করগুলো বরাদ্দ দেবেন।

NYC Department of Finance — **Statement Details**

February 23, 2020
Property Owner
123 45th St.
1-23456-6789
Page 2

Billing Summary	Activity Date	Due Date	Amount
Outstanding charges including interest and payments			$0.00
Finance-Property Tax		04/01/2020	$5,858.38
Credit Adjustment	12/21/2019		$-58.93
Total amount due			**$5,799.45**

Annual Property Tax Detail		
Finance-Property Tax	04/01/2020	$1,681.09
Adopted Tax Rate		$66.26
Total tax year charges remaining		**$1,747.35**
If you want to pay everything you owe by January 2, 2020 please pay		**$3,488.76**
If you pay everything you owe by January 2, 2020, you would save:		$5.94

Tax class 2C - Co-op Or Condo, Less Than 11 Units		Tax rate			
Current tax rate		12.473%			
Estimated market value	**$1,544,000**	**Billable assessed value**		**New Tax rate**	**Taxes**
Tax before exemptions and abatements		$228,400	X	12.473%	= $28,488
Basic STAR - School Tax Relief	1 Unit	$-2,280			$-284**
Tax before abatements					**$28,204**
Co-op/Condo Abatement 3 Units					$-5,059
Annual property tax					**$23,145**

** This is your NYS STAR tax savings. It cannot increase more than 2% a year. For more information, please visit us at nyc.gov/finance or contact 311.

If you own income producing property, you must file a Real Property Income and Expense Statement or a Claim of Exclusion unless you are exempt by law. The deadline to file is June 1, 2020. Failure to file will result in penalities and interest, which will become a lien on your property if they go unpaid. To see if you are exempt from this requirement and to learn more, please visit nyc.gov/rpie.

বাজার মূল্য
ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স আপনার সম্পত্তির আয় সৃষ্টিকারী সম্ভাবনার উপর ভিত্তি করে এরর বাজার মূল্য ধার্য করে। আকার, অবস্থান, ইউনিট সংখ্যা ও বয়সে আপনার সম্পত্তির সমতুল্য রেন্টাল সম্পত্তির উপর ভিত্তি করে আপনার সম্পত্তির আয় ও ব্যয় হিসেব করার জন্য আমরা পরিসংখ্যান মডেলিং ও মূল্যায়নকারী পর্যালোচনা ব্যবহার করি।

নিরূপিত মূল্য
আপনার সম্পত্তির নিরূপিত মূল্যটি হলো এই দুটি সংখ্যার মধ্যে নিম্নটি: প্রকৃত নিরূপিত মূল্য অথবা ট্রানজিশনাল নিরূপিত মূল্য।

ছাড়
আপনার ছাড়ের মূল্যকে নিরূপিত মূল্য থেকে বাদ দেওয়া হয়।

করযোগ্য মূল্য
আপনার সম্পত্তির করযোগ্য মূল্য হলো প্রকৃত অথবা ট্রানজিশনাল নিরূপিত মূল্য (যেটি তুলনামূলক কম) থেকে যেকোনো ছাড় বাদ দিয়ে যা থাকে সেটি। এই পরিমাণের উপরই আপনাকে কর দিতে হবে।

করের হার
আমরা সিটি কাউন্সিল নির্ধারিত সিটি করের হার আপনার করযোগ্য মূল্যে প্রয়োগ করে, আপনার প্রদেয় সম্পত্তির কর হিসেব করি। কর বছরের (জুলাই 1 থেকে জুন 30) জন্য আপনার সম্পত্তির করের হার নভেম্বরের আগে চূড়ান্ত করা হয় না।

বার্ষিক সম্পত্তি কর
যদি আপনি কোনো অ্যাবেটমেন্ট পেয়ে থাকেন, তাহলে আপনার চূড়ান্ত সম্পত্তি কর বিল নির্ধারণ করতে সেগুলোকে আপনার কর থেকে বাদ দেওয়া হয়।

পর্যালোচনা: কিভাবে আমরা আপনার সম্পত্তির কর বিল হিসেব করি

বার্ষিক সম্পত্তি কর = {(নিরূপিত মূল্য বিয়োগ ছাড়গুলি) (X) কর হার} বিয়োগ অ্যাবেটমেন্টগুলি

1 ধাপ

বাজার মূল্য:
ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স আপনার সম্পত্তির আয় সৃষ্টিকারী সম্ভাবনার উপর ভিত্তি করে এ্রর বাজার মূল্য হিসেব করে।

2 ধাপ

প্রকৃত নিরূপিত মূল্য:
বাজার মূল্য × 45% (মূল্যায়নের মাত্রা) = নিরূপিত মূল্য (10টি বা তার কম সংখ্যক ইউনিট যুক্ত ভবনসমূহ সীমিত)

3 ধাপ

ট্রানজিশনাল নিরূপিত মূল্য:
11টি বা তার বেশি ইউনিট যুক্ত সম্পত্তিতে 20% মূল্যায়ন পরিবর্তনের প্রয়োগ

4 ধাপ

করযোগ্য মূল্য:
নিরূপিত মূল্য বা ট্রানজিশনাল নিরূপিত মূল্য – ছাড় = করযোগ্য মূল্য

5 ধাপ

বার্ষিক সম্পত্তি কর:
করযোগ্য মূল্য × কর হার – অ্যাবেটমেন্ট

আপনার সম্পত্তি কর বিল প্রদান

আপনার সম্পত্তির কর বিল হবে NYC ট্যাক্স কমিশন কর্তৃক যেকোনো পরিবর্তনসহ আপনার করযোগ্য মূল্যের ভিত্তিতে। (ট্যাক্স কমিশন সংক্রান্ত আরো তথ্য এই গাইডের 18 নম্বর পৃষ্ঠায় পাওয়া যাবে।) অনুগ্রহ করে মনে রাখবেন যে, কো-অপ ইউনিট মালিক ও ভাড়াটেরা সরাসরি কর প্রদান করেন না। এটি তাদের ভাড়া অথবা কো-অপ ইউনিটের সাধারণ চার্জের মধ্যে অন্তর্ভুক্ত থাকে।

আপনি আপনার সম্পত্তির কর বিল দেখতে ও প্রদান করতে পারেন www.nyc.gov/finance ওয়েবসাইটে। আপনি ইলেক্ট্রনিক চেক অথবা ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে কর প্রদান করতে পারেন (অনুগ্রহ করে মনে রাখবেন যে, কার্ড ব্যবহারের জন্য ফি প্রযোজ্য)। আপনি আপনার পেমেন্ট ডাকযোগেও পাঠাতে পারেন। আপনার বিলের পেমেন্ট নির্দেশনা অনুসরণ করার বিষয়টি নিশ্চিত করুন।

$250,000 বা তার কম নিরূপিত মূল্যের গৃহগুলির জন্য সম্পত্তি কর বিল ত্রৈমাসিক ভাবে এবং $250,000 এর অধিক নিরূপিত গৃহগুলির জন্য ষাণ্মাসিক ভাবে ডাকযোগে প্রেরিত হয়। ত্রৈমাসিক ভাবে বিলগুলি প্রদেয় হয় জুলাই 1, অক্টোবর 1, জানুয়ারি 1 ও এপ্রিল 1 তারিখে; আপনার বিল সাধারণত এটির প্রদেয় তারিখের এক মাস আগে ডাকযোগে প্রেরিত হয়। ষাণ্মাসিক ভাবে বিলগুলি তাদের প্রদেয় তারিখগুলি জানুয়ারি 1 এবং জুলাই 1 তারিখের এক মাস আগে ডাকযোগে প্রেরিত হয়।

ব্যাংক বা মর্টগেজ সার্ভিসিং কোম্পানির মাধ্যমে সম্পত্তির কর প্রদান করছেন?

সাইডওয়াক বা জরুরি মেরামতের মতো অন্যান্য চার্জ প্রদানের জন্য দায়বদ্ধ না হলে আপনি ডাকযোগে সম্পত্তির কর বিল পাবেন না। এই চার্জগুলো আপনার ব্যাংক বা মর্টগেজ কোম্পানি প্রদত্ত পেমেন্টের অন্তর্ভুক্ত নয়; এগুলো অবশ্যই আপনাকে নিজে প্রদান করতে হবে।

সম্পত্তি মূল্যের নোটিশ

আপনার সম্পত্তি সম্বন্ধে বিবরণসহ একটি বার্ষিক নোটিশ

ডিপার্টমেন্ট অভ ফিনান্সের কাছ থেকে অন্যতম গুরুত্বপূর্ণ যে নথিটি আপনি পাবেন তা হল সম্পত্তি মূল্যের নোটিশ বা NOPV। প্রতি জানুয়ারিতে আপনাকে ডাকযোগে পাঠানো NOPV-টিতে আপনার সম্পত্তির বাজার ও নিরূপিত মূল্যের হিসেব উল্লেখ করা থাকবে।

আপনার সম্পত্তির বাজার ও নিরূপিত মূল্যের পাশাপাশি, NOPV-তে আপনার বর্তমান ছাড়গুলো তালিকাভুক্ত থাকবে।

NOPV বিল নয় এবং প্রদান করার প্রয়োজন নেই। আপনি নোটিশটি ফাইলে রাখবেন এবং সারা বছর প্রয়োজন অনুসারে সেটি ব্যবহার করবেন।

এখানে 11টি বা তার বেশি ইউনিট যুক্ত ক্লাস 2 সম্পত্তির একটি NOPV এর উদাহরণ দেওয়া হলো:

NYC Department of Finance

NOTICE OF PROPERTY VALUE
Tax Year 2020-21
(This is not a bill.)

#5116558748951 27#

January 15, 2020

JANE TAXPAYER
100 E TAXPAYER ST
BROOKLYN, NY 11230

Owner(s)
Jane Taxpayer

Property Address
100 E Taxpayer St

Borough: 3 **Block**: 5200 **Lot**: 80

Tax Class: 2A **Building Class**: RR **Units**: 1 residential

YOUR NOTICE OF PROPERTY VALUE (NOPV) AT A GLANCE

2020-21 Market Value:	$2,600,000
2020-21 Assessed Value:	$1,100,000
Your property tax exemptions:	NEW MULT DWELLINGS

See below for an estimate of your 2020-21 property tax.

WHAT IS THIS NOTICE?

This is your annual notice of property value, or NOPV. **It is not a bill, and no payment is required**. This notice will:

- Inform you of the assessed value of your property for tax year for 2020-21, and tell you how to challenge it if you believe there is a mistake.
- Explain how property taxes are calculated.
- Provide an estimate of your property tax for tax year 2020-21.

Please keep a copy of this notice with your records. You may also view your NOPV and property tax bills online at www.nyc.gov/nopv.

ESTIMATED 2020-21 PROPERTY TAX

We cannot calculate your 2020-21 property tax until the new tax rate is established by the city council. Until then, you will pay the 2019-20 rate. The table below estimates the amount you will owe by multiplying the taxable value of your property by the current tax rate of 12.473%. This table is provided for informational purposes only; the actual amount you owe may differ.

Please note that the coop-condo tax abatement is not included in this estimate. If you receive the coop-condo abatement, it will be subtracted from your property taxes. Check your July tax bill for the value of any abatements you receive.

Year	Taxable Value		Tax Rate		Estimated Property Tax
2020-21	$820,969	x	.12473	=	$102,399.46

KEY DATES

March 2, 2020
Last day to challenge your assessed value.
(*See page 2.*)

March 16, 2020
Last day to apply for a tax exemption.
(*See page 3.*)

April 1, 2020
Last day to request review of your market value.
(*See page 2.*)

July 1, 2020
2020-21 tax year begins.

To learn more, visit www.nyc.gov/nopv

Page 1

NOPV পৃষ্ঠা 1

WHAT'S CHANGED: COMPARING TAX YEARS 2019-20 AND 2020-21

	Current Year (2019-20)	Next Year (2020-21)	Change
Market Value	$X	$2,600,000	+/- $X
Assessment Percentage	45%	45%	- -
Actual Assessed Value	$X	$1,100,000	+/- $X
Transitional Assessed Value	- -	$1,000,000	- -
Exemption Value	$X	$200,000	+/- $X
Taxable Value	$X	$800,000	+/- $X

- **Market value** is the Department of Finance's estimated value for your property.
- **Assessment percentage** is a fixed percentage of market value. For class 2 properties, it is 45%.
- **Actual assessed value** is calculated by multiplying your market value by the assessment percentage.
- Changes to your assessed value are phased in over a five-year period. The **transitional assessed value** represents the changes being phased in for the coming tax year.
- **Exemption value** is the amount of the reduction in your assessed value as a result of any property tax exemptions you receive. The value shown above is your actual exemption value, but a transitional exemption value may be used to calculate your taxable value.
- **Taxable value** is the lower of the actual or transitional assessed value, minus the actual or transitional exemption value.

NOPV পৃষ্ঠা 3

বাজার মূল্য
ডিপার্টমেন্ট অভ ফিন্যান্স আপনার সম্পত্তির আয় সৃষ্টিকারী সম্ভাবনার উপর ভিত্তি করে এর বাজার মূল্য হিসেব করে। আকার, অবস্থান, ইউনিট সংখ্যা ও বয়সে আপনার সম্পত্তির সমতুল্য রেন্টাল সম্পত্তির উপর ভিত্তি করে আপনার সম্পত্তির আয় ও ব্যয় হিসেব করার জন্য আমরা পরিসংখ্যান মডেলিং ও মূল্যায়নকারী পর্যালোচনা ব্যবহার করি।

নিরূপিত মূল্য
আপনার সম্পত্তির বাজার মূল্য নির্ধারণ করার পর, আমরা এর প্রকৃত নিরূপিত মূল্য হিসেব করি। নিরূপিত মূল্য বাজার মূল্যের একটি নির্ধারিত হারের ভিত্তিতে হয়। ক্লাস 2 এর জন্য মূল্যায়নের হার 45%; আপনার সম্পত্তির বাজার মূল্যকে 45% দিয়ে গুণ করে প্রকৃত নিরূপিত মূল্য বের করা হয়।

ছাড়
NOPV আপনার বর্তমান প্রাপ্ত ছাড়গুলোকে তালিকাভুক্ত করে এবং আপনার ছাড়ের মূল্য সম্পর্কে আপনাকে অবহিত করে—ছাড়ের কারণে নিরূপিত মূল্য হ্রাস।

করযোগ্য মূল্য
করযোগ্য মূল্য হলো নিরূপিত মূল্য থেকে যেকোনো ছাড় বাদ দিয়ে যা থাকে সেটি। 11টি বা তার বেশি সংখ্যক ইউনিট যুক্ত ভবনসমূহের জন্য করযোগ্য মূল্য হলো প্রকৃত অথবা ট্রানজিশনাল নিরূপিত মূল্যের মধ্যে যেটি তুলনামূলক কম সেটি থেকে যেকোনো ছাড় বাদ দিয়ে যা থাকে সেটি। করযোগ্য মূল্য হলো সেই অর্থের পরিমাণ যার ওপর আপনাকে কর আরোপ করা হয়েছে।

আনুমানিক সম্পত্তি কর
NOPV পরবর্তী কর বছরের জন্য আপনার সম্পত্তির করের একটি আনুমানিক হিসেব প্রদান করে। এই সংখ্যাটি শুধু ধারণা হলেও, এটি আপনাকে পরবর্তী বছরের জন্য পরিকল্পনা করতে সহায়তা করতে পারে।

ট্রানজিশনাল নিরূপিত মূল্য
যদি আপনার সম্পত্তিতে 11টি বা তার বেশি সংখ্যক ইউনিট থাকে এবং প্রকৃত নিরূপিত মূল্য বৃদ্ধি পেয়ে থাকে, তাহলে আমরা এমনভাবে পরিবর্তন করব যাতে আপনার করযোগ্য নিরূপিত মূল্য বছরে 20% এর বেশি বৃদ্ধি না পায়।

সম্পত্তির বিবরণ
যদি আপনি কোনো অ্যাবেটমেন্ট পেয়ে থাকেন, তাহলে আপনার চূড়ান্ত সম্পত্তি কর বিল নির্ধারণ করতে সেগুলোকে আপনার কর থেকে বাদ দেওয়া হয়।

সম্পত্তির শনাক্তকরণ: BBL
নিউ ইয়র্ক সিটিতে প্রতিটি সম্পত্তির একটি একক শনাক্তকারী নম্বর আছে যা বরো-ব্লক-লট নম্বর বা BBL নামে পরিচিত। BBL ডিপার্টমেন্ট অভ ফিনান্সের সঙ্গে আপনার অ্যাকাউন্ট নম্বরের মতো কাজ করে এবং আমাদের কাছ থেকে প্রাপ্ত প্রায় প্রতিটি নোটিশে বা বিবৃতিতে এটি দৃশ্যমান হয়। যখন আপনি ডিপার্টমেন্ট অভ ফিনান্সের (DOF) সঙ্গে যোগাযোগ করবেন তখন আপনার BBL-টি পাওয়া নিশ্চিত করুন – এটি আমাদের আপনার সমস্যাটি দ্রুত সমাধানে সাহায্য করবে।

বরো নম্বরটি সবসময় প্রথমে:

1 = ম্যানহাটন 2 = ব্রংক্স 3 = ব্রুকলিন 4 = কুইন্স 5 = স্ট্যাটেন আইল্যান্ড

ব্লক নম্বরটি হলো দ্বিতীয়:

এটি পাঁচ সংখ্যা পর্যন্ত হতে পারে।

লট নম্বরটি হলো সব শেষে:

এটি চার সংখ্যা পর্যন্ত হতে পারে।

আপনার NOPV এর উপর নিরূপিত মূল্যের ব্যাপারে আপীল করা

আপনি যদি বিশ্বাস করেন আমরা আপনার নিরূপিত মূল্য খুব বেশি নির্ধারণ করেছি, তাহলে আপনার নিউ ইয়র্ক সিটি ট্যাক্স কমিশনে আবেদন করার অধিকার রয়েছে, এটি একটি স্বাধীন সিটি এজেন্সি যার আপনার সম্পত্তির নিরূপিত মূল্য, কর ক্লাস এবং নির্ধারিত ছাড় পর্যালোচনা করার ক্ষমতা রয়েছে। ট্যাক্স কমিশনে অভিযোগ দায়ের করার জন্য আপনার কোনো অ্যাটর্নির প্রয়োজন নেই এবং আপনাকে কোনো সরাসরি শুনানিতেও অংশগ্রহণ করতে হবে না, যদিও আপনি চাইলে সেটি করতে পারবেন।

আপীল করতে www.nyc.gov/taxcommission ওয়েবসাইটে ট্যাক্স কমিশনে দেখুন। "Forms (ফরম)" ট্যাবে "General Instructions (সাধারণ নির্দেশনা)" লিংকটি বাছাই করুন এবং TC 600, "How to Appeal a Tentative Assessment (সম্ভাব্য মূল্যায়নের ব্যাপারে কিভাবে আপীল করবেন)" ফরমটি পর্যালোচনা করুন। মুদ্রিত ফরমগুলো DOF বিজনেস সেন্টারে এবং 1 Centre Street, Room 2400, New York, NY 10007-তে অবস্থিত ট্যাক্স কমিশনের অফিসেও পাওয়া যায়। (ভবনে প্রবেশের জন্য আপনার একটি ফটো আইডির প্রয়োজন হবে।) ক্লাস 2 সম্পত্তির জন্য আপীল জমা দেওয়ার সময়সীমা মার্চ 1। এটির অর্থ হলো আপনার আবেদন ট্যাক্স কমিশনের কাছে 1 মার্চ এর মধ্যে পৌঁছতে হবে—আপনার আবেদন ঐ দিনে পাঠানো যথেষ্ট নয়।

কো-অপ, কন্ডো ও রেন্টাল ভবনের মালিকরা তাদের সম্পূর্ণ ভবনের পক্ষে আপীল করবেন। স্বতন্ত্র কন্ডো ইউনিট মালিকরা আলাদাভাবেও আপীল করতে পারেন।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, যদি আপনার কোনো ছোট ক্লাস 2 সম্পত্তি (10টি বা তার কম সংখ্যক ইউনিট) থাকে, তাহলে আপনাকে অবশ্যই প্রমাণ করতে হবে যে আপনার সম্পত্তির মূল্য কার্যকর বাজার মূল্যের চেয়ে কম, যাতে ট্যাক্স কমিশন আপনার সম্পত্তির মূল্যায়ন কম করতে পারেন। আপনার সম্পত্তির কার্যকরী বাজার মূল্য হলো ছাড়ের আগে এটির নিরূপিত মূল্য, 45% দ্বারা বিভাজিত।

যদি আপনার NOPV-তে কোনো প্রকৃত ত্রুটি থাকে (যেমন- আপনার সম্পত্তির বিবরণটি সঠিক নয়), তাহলে অনুগ্রহ করে ডিপার্টমেন্ট অভ ফিন্যান্সকে একটি "request to update (আপডেটের জন্য আবেদন)" ফরমের মাধ্যমে অবহিত করুন যা www.nyc.gov/financeএই ওয়েবসাইটে পাওয়া যাবে, অথবা 311 নম্বরে কল করেও আপনি অবহিত করতে পারেন। আপনার NOPV-তে আনুমানিক বাজার মূল্যের সঙ্গে আপনি যদি একমত না হন, তাহলে আপনি একটি "request to review (পর্যালোচনার জন্য আবেদন)" ফরমের মাধ্যমে অবহিত করতে পারেন যা www.nyc.gov/finance ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা 311 নম্বরে কল করেও আপনি অবহিত করতে পারেন। (কিন্তু মনে রাখবেন DOF-এ ফাইল করা এই ফরমগুলির যেকোনোটি ট্যাক্স কমিশনে আপনার নিরূপিত মূল্যের বিকল্প নয়।)

সম্পদসমূহ

অফিস অভ দ্যা ট্যাক্সপেয়ার অ্যাডভোকেট

আপনি যদি ডিপার্টমেন্ট অভ ফিন্যান্সের সঙ্গে কর সমস্যা সমাধানের জন্য যথাযথ চেষ্টা করে থাকেন কিন্তু মনে হয় যে আপনি সন্তোষজনক সাড়া পাননি, তাহলে অফিস অভ দ্যা ট্যাক্সপেয়ার অ্যাডভোকেট আপনাকে সহায়তা করতে পারে।

অফিস অভ দ্য ট্যাক্সপেয়ার অ্যাডভোকেট এর সাহায্য পাওয়ার জন্য www.nyc.gov/taxpayeradvocate দেখুন এবং ফরম DOF-911 পূরণ করুন, "Request for Help from the Office of the Taxpayer Advocate (ট্যাক্স পেয়ার অ্যাডভোকেট অফিসের সাহায্য পাওয়ার জন্য অনুরোধ।") আপনি সরাসরি ট্যাক্সপেয়ার অ্যাডভোকেট অফিসের সঙ্গে যোগাযোগ করতে পারেন:

ফোন করুন: (212) 748-4785
ফ্যাক্স: (646) 500-6907
ডাকযোগে পাঠান: NYC Office of the Taxpayer Advocate, 375 Pearl Street, 26th Floor, New York, NY 10038

NYC ট্যাক্স কমিশন

নিউ ইয়র্ক সিটি ট্যাক্স কমিশন একটি স্বাধীন এজেন্সি যার ক্ষমতা আছে আপনার সম্পত্তির নিরূপিত মূল্য, ট্যাক্স ক্লাস এবং ছাড়গুলির পরিবর্তন করার।

সকল আবেদন ফরম ট্যাক্স কমিশনের ওয়েবসাইট, www.nyc.gov/taxcommission-এ পাওয়া যাবে। আপনি ট্যাক্স কমিশনকে কল করতে পারেন (212) 669-4410 নম্বরে।

সম্পত্তির করে আপনার বছর

জানুয়ারি

DOF আপনার সম্পত্তির মূল্যের নোটিশ ডাকযোগে প্রেরণ করে। সম্ভাব্য মূল্যায়ন তালিকা প্রকাশিত।

ফেব্রুয়ারি 15

কো-অপ/কন্ডো অ্যাবেটমেন্টের জন্য আবেদন করার শেষ তারিখ। ইউনিট মালিকদের পক্ষে ম্যানেজিং এজেন্ট বা কন্ডো বোর্ড আবেদন করুন

মার্চ 1

NYC কর কমিশনের সঙ্গে সম্পত্তির মূল্যের বিবাদের শেষ তারিখ।

মার্চ 15

ব্যক্তিগত ছাড়ের জন্য আবেদন করার জন্য শেষ তারিখ।

মে

চূড়ান্ত মূল্যায়ন তালিকা প্রকাশিত।

জুন

জুলাইয়ের 1 তারিখ থেকে শুরু হওয়া কর বছরের জন্য আপনি আপনার প্রথম সম্পত্তির কর বিল পাবেন।

জুলাই 1

একটি নতুন ট্যাক্স বছর শুরু হয়; আপনাকে পুরনো বছরের করের হারে কর ধার্য করা হয়, যদি নতুন ট্যাক্স বছরের হারটি জুন 6 এর মধ্যে গৃহীত না হয়ে থাকে।

নভেম্বর

সিটি কাউন্সিল কর হারগুলির উপর ভোট দেয় এবং মেয়র সেগুলিতে নাম সই করেন। বারংবার, ট্যাক্স আরোপিত ক্লাস ভাগ বন্টনের পরিবর্তনের জন্য পলিসি সিদ্ধান্তের কারণে, নভেম্বর পর্যন্ত ট্যাক্স হারগুলি চূড়ান্ত হয় না। যেহেতু আমরা কর বছরের প্রায় মাঝামাঝি চলে এসেছি যখন থেকে এই হারগুলো প্রযোজ্য, আপনার বছরের প্রথম অংশের করগুলো নতুন হার অনুযায়ী পুনরায় হিসেব করা হয়েছে।

Department of Finance